

স্মারক নং-২৭.২৯.০০০০.০১১.১১.০০৭.২০-০১৩

তারিখঃ ০১/০৯/২০২০খ্রিঃ

নিয়োগ পত্র

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিমিটেডের নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত প্রার্থীগণকে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে উপ-সহকারি প্রকৌশলী (তড়িৎ) পদে মেধার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক	মেধাক্রম	রোল	নাম	পদস্থিত দপ্তর
১	৫২	১৩০৬৭৩৪	বিকাশ বড়ুয়া	বিক্রয় ও বিতরণ বিভাগ-নওগাঁ
২	৫৩	১৩০৮৫৩৫	খন্দকার জুবায়ের আল মাহমুদ	বিক্রয় ও বিতরণ বিভাগ-১, পাবনা

১. নিয়োগ চুক্তির মেয়াদ:

০১ (এক) বছর প্রবেশন পিরিয়ডসহ এ নিয়োগ-চুক্তির মেয়াদ ০৩ বছর তবে কর্তৃপক্ষ প্রবেশন পিরিয়ড আরো এক বছর বৃদ্ধি করতে পারবেন। উক্ত এক বছরের মধ্যে প্রার্থীর পুলিশ তদন্ত প্রতিবেদন সম্পন্ন করতে হবে। সন্তোষজনকভাবে প্রবেশন পিরিয়ড সম্পন্নকরণ, সন্তোষজনক পুলিশ তদন্ত প্রতিবেদন ও স্বাস্থ্যগত সনদ বিবেচনা সাপেক্ষে প্রার্থীকে প্রবেশনারি পিরিয়ডসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিতকরণ করা হবে। সন্তোষজনক কার্যকাল বিবেচনায় চুক্তির মেয়াদ শর্ত সাপেক্ষে নবায়নযোগ্য।

২. বেতন ও অন্যান্য সুবিধাদি:


ক)	মাসিক মূল বেতন	:	৳ ৩৯,০০০.০০ (উনচল্লিশ হাজার ) টাকা মাত্র।
খ)	বাড়ি ভাড়া ভাতা	:	কোম্পানি আবাসন সুবিধা প্রদান না করলে মূল বেতনের ৫০% (রাজশাহী ও রংপুর সিটি কর্পোরেশন এলাকার জন্য) এবং অন্যান্য স্থানের জন্য ৪০% হারে বাড়ি ভাড়া প্রাপ্য।
গ)	চিকিৎসা ভাতা	:	
ঘ)	বোনাস	:	
ঙ)	যানবাহন/যাতায়াত ভাতা	:	নেসকো অনুসৃত চাকরি বিধিমালা অনুসারে প্রাপ্য।
চ)	বাংলা নববর্ষ ভাতা	:	
ছ)	প্রান্তিক/অন্যান্য সুবিধাদি	:	নেসকো অনুসৃত চাকরি বিধিমালা অনুসারে গ্র্যাচুইটি, সিপিএফ এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন যা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।
জ)	আয়কর	:	সরকারের বিধিবিধান অনুযায়ী আয়কর কর্তন যোগ্য।

৩.	অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান	:	প্রবেশন পিরিয়ডে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ হতে অব্যাহতি /চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। চাকরি নিশ্চিতকরণের পর কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ হতে অব্যাহতি /চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উল্লেখ্য, বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কিংবা দুর্নীতি, দায়িত্ব অবহেলা কিংবা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রেও কোনো কারণ দর্শানো ব্যতিরেকে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৪.	স্বেচ্ছায় পদত্যাগ	:	ইমপ্লয়ি, প্রবেশন পিরিয়ডে ০১ (এক) মাসের অগ্রীম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। তবে কোন কারণে উক্ত ০১ (এক) মাস সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিশ প্রদানে ব্যর্থ হলে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে

A

			পারবেন। চাকরি নিশ্চিতকরণের পর কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন।
৫.	চাকরির সুবিধাদি পরিবর্তন/পরিমার্জন	:	নেসকো কর্তৃপক্ষ কোম্পানি আইন অথবা পর্যদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লেখিত চাকরির শর্তাবলি ও সুবিধাদি পরিবর্তন/পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।
৬.	শারীরিক যোগ্যতার সনদ	:	যোগদান পত্রের সাথে সিভিল সার্জন অফিস কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার সনদ দাখিল করতে হবে।
৭.	ছবি ও সনদপত্র দাখিল	:	যোগদানের সময় প্রার্থীর <ul style="list-style-type: none"> <li>• স্বহস্তে স্বাক্ষরিত যোগদানপত্র</li> <li>• অনলাইন আবেদনের কপি</li> <li>• গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি</li> <li>• গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি</li> <li>• স্থায়ী ঠিকানার সমর্থনে মেয়র/চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি</li> <li>• গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।</li> </ul>
৮.	ছাড়পত্র	:	সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/ সরকারি মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
৯.	সার্টিফিকেটের তথ্য	:	পুলিশ তদন্ত প্রতিবেদন, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রার্থী কর্তৃক দাখিলকৃত অন্যান্য তথ্যে গরমিল/মিথ্যা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ভাবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
১০.	সম্পদ বিবরণী	:	প্রবেশন পিরিয়ডের মধ্যে কোম্পানি কর্তৃক নির্ধারিত ফর্মে সংশ্লিষ্ট ইমপ্লয়ির সম্পদ বিবরণী দাখিল করতে হবে।

উপরে উল্লিখিত শর্তাবলিতে সম্মত থাকলে আগামী ১০-০৯-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে পদস্থিত দপ্তরে স্বশরীরে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে প্রার্থী বরাবর ইস্যুকৃত নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।



এ বি এম ইমতিয়াজ উদ্দিন আহমেদ

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন),  
নেসকো লিমিটেড, বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০  
ই-মেইল: imtiaz.uddin@nesco.gov.bd